

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
www.ddm.gov.bd  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১০৪

তারিখ: ২৫ চৈত্র ১৪২৯

০৮ এপ্রিল ২০২৩

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**২। আজ ০৮ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**৩। আজ ০৮ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

**পূর্বাভাস:** অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

তাপ প্রবাহঃ ঢাকা, টাঙ্গাইল, ফরিদপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, সন্দ্বীপ, রাঙামাটি, ফেনি, বান্দরবান, খেপুপাড়া ও ভোলা অঞ্চলসহ খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন) :** সামান্য পরিবর্তন হতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

বিভাগের নাম	ঢাকা	রাজশাহী	রংপুর	ময়মনসিংহ	সিলেট	চট্টগ্রাম	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৭.৫	৩৭.৫	৩৬.৫	৩৫.০	৩৫.০	৩৬.৮	৩৮.০	৩৬.৪
সর্বনিম্ন তাপমাত্রা	১৯.৫	১৯.১	১৮.৪	২১.০	১৯.৯	১৯.৮	১৯.৫	২২.০

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল চুয়াডাঙ্গা ৩৭.৫° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৭.৯° সেঃ।

(তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**৪। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

(ক) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৬ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৭ এপ্রিল, ২০২৩ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২৮ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগ ভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১১	১০	০
২।	ময়মনসিংহ	০	০	০
৩।	বরিশাল	০	০	০

অগ্নিকান্ডঃ

৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	৩	০	০
৬।	চট্টগ্রাম	৩	০	০
৭।	খুলনা	৮	০	০
৮।	রংপুর	৩	০	০
	মোট	২৮	১০	০

বজ্রবাজার, ঢাকা: গত ০৪-০৪-২০২৩খ্রি. তারিখ আনুমানিক ভোর ০৬.১০ ঘটিকায় ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অন্তর্গত রমনা থানাধীন বজ্রবাজার মার্কেটে অগ্নিকান্ড সংঘটিত হয়। অগ্নিকান্ডের সংবাদ অবহিত হয়ে ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৫০টি ইউনিট একযোগে প্রায় ৬ ঘন্টার প্রচেষ্টায় অগুন নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়। অগ্নিকান্ডে মার্কেটের প্রায় ৫০০০ (পাঁচ হাজার) দোকান সম্পূর্ণ পুড়ে গেছে এবং প্রায় হাজার কোটি টাকার ক্ষতি হয়েছে বলে প্রাথমিকভাবে জানা যায়। অগ্নিকান্ডে ফায়ার সার্ভিস এর ৮ জন কর্মীসহ মোট ১২ জন ধোয়ায় আক্রান্ত হয়ে শেখ হাসিনা বার্ন এন্ড প্লাস্টিক সার্জারী ইনস্টিটিউটসহ বিভিন্ন হাসপাতালে চিকিৎসা গ্রহণ করেছেন।

অগ্নিকান্ডের সংবাদ অবহিত হয়ে জেলা প্রশাসক, ঢাকাসহ জেলা প্রশাসনের কর্মকর্তাগণ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করেন। অগ্নিকান্ডের কারণ ও ক্ষয়ক্ষতি নিরূপনে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষ থেকে অনুসন্ধান কার্যক্রম অব্যাহত আছে। বিস্তারিত ক্ষয়ক্ষতির প্রতিবেদন প্রণয়ন কার্যক্রম চলছে।



৮-৪-২০২৩

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১১২৬

ইমেইল:

[controlroom.ddm@gmail.com](mailto:controlroom.ddm@gmail.com)

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.২৩.১০৪/১(১৭২)

তারিখ: ২৫ চৈত্র ১৪২৯

০৮ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৫) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১০) জেলা প্রশাসক (সকল)
- ১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১৩) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা(সকল)

১৪) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



৮-৪-২০২৩

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা